

দুটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়।

পরিশিষ্ট-ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আজিমপুর, ঢাকা

স্মারক সংখ্যা- পপআ/উৎসঃ/মনি/৯২/৩৯৫/৭৯১

তারিখ:-০৪/০৩/৯২ ইং।

অফিস আদেশ

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১০/১১/৮৮ইং তারিখের পপআ/উৎসঃ ও সঃ/৮৮/২৪০/৭৭৬৬ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে যে সমস্ত জেলায় জেলা সংরক্ষিত পণ্যাগার চালু করা হইয়াছে সেই সমস্ত বৃহত্তম জেলার আওতাধীন নবসৃষ্ট জেলায় পরিবার পরিকল্পনা অফিসের গুদাম এই অধিদপ্তরের স্মারক নং পপআ/উৎসঃ ও সঃ/৮৯/২৪০/১১৮৩৬ তারিখ:- ১২/১২/৮৯ ইং-এর প্রেক্ষিতে পর্যায়ক্রমে বন্ধ করার নির্দেশ দেওয়া হইয়াছে এবং ইতিমধ্যে অধিকাংশ জেলা পরিবার পরিকল্পনা অফিসের গুদাম বন্ধ করিয়া দেওয়া হইয়াছে ও সেখানকার মালামাল সংশ্লিষ্ট জেলা সংরক্ষিত পণ্যাগারে হস্তান্তর করা হইয়াছে। এই সমস্ত স্থানে গুদাম বন্ধকের বিশেষ কোন কাজ না থাকায় তাহাদের বেশীর ভাগই ইতিমধ্যে বৃহত্তম জেলায় জেলা সংরক্ষিত পণ্যাগারে প্রেষণে কাজ করার নির্দেশ প্রদান করা হইলেও এখনও বেশ কিছু গুদাম বন্ধক জেলা অফিসে কর্মরত আছেন।

এমতাবস্থায় যে সমস্ত জেলা পরিবার পরিকল্পনা অফিসের গুদাম বন্ধ করিয়া দেওয়া হইয়াছে সেই সমস্ত জেলার স্টোর কিপারগণকে আগামী ১৫/০৩/৯২ইং তারিখের মধ্যে অবশই তাহাদের বৃহত্তম জেলার সংরক্ষিত পণ্যাগারে প্রেষণে যোগাদান করার নির্দেশ প্রদান করা হইল।

তাহারা তাহাদের মূল কর্মসূল হইতে বেতন ও ভাতাদি গ্রহণ করিবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত
(মোঃ নাজমুল হক)
মহা পরিচালক

স্মারক সংখ্যা- পপআ/উৎসঃ ও সঃ/মনি/৯২/৩৯৫/৭৯১/১(১৫৬)

তারিখ:-০৪/০৩/৯২ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:-

- ১। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
- ২। উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, -----। তাহাকে সংশ্লিষ্ট জেলার গুদামবন্ধককে নির্ধারিত তারিখের মধ্যে ছাড়পত্র দেওয়ার জন্য অনুরোধ করা হইল।
- ৩। সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা।----- (সকল)
- ৪। আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, -----।
- ৫। সরবরাহ কর্মকর্তা, জেলা সংরক্ষিত পণ্যাগার, পরিবার পরিকল্পনা, -----।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল:

- ১। পরিচালক, বিশেষ কর্যক্রম তদারকি দল, ঢাকা-চট্টগ্রাম/রাজশাহী-খুলনা বিভাগ।
- ২। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।

স্বাক্ষরিত
(মোঃ আখতারজ্জামান খান)
পরিচালক (উপকরণ ও সরবরাহ)